

গৃহনির্ঘাতনে আক্রান্ত/কাটিয়ে ওঠাদের বাড়ি ভাড়া নেওয়া বা কেনার ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ থেকে সুরক্ষা

আপনার অধিকারগুলি জানুন

নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস আপনাকে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইনে আপনার অধিকারগুলি অনুধাবনে সাহায্য করার জন্য একটি সংস্থান। এই নথিটি ভাড়াটে এবং বসবাসের জন্য বাড়ি ভাড়া খুঁজছেন এমন ব্যক্তি যারা গৃহনির্ঘাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন তাদের নতুন সুরক্ষাগুলি সম্বন্ধে তথ্য সরবরাহ করে।

26শে জুলাই 2016 থেকে শুরু করে, নিউ ইয়র্ক সিটি হিউম্যান রাইটস আইন আপনাকে পৃথক আচরণ থেকে সুরক্ষিত করবে যখন আপনি কোনো অ্যাপার্টমেন্ট খুঁজছেন, বসবাসের জন্য আবেদন বা ভাড়াটে হিসেবে আছেন এবং আপনি

গৃহনির্ঘাতনের শিকার বা কাটিয়ে ওঠা, যার অর্থ, কোনো ব্যক্তি যে কোন হিংসার শিকার বা সহিংসতার হুমকীর শিকার হয়েছে এবং সেটি ফৌজদারি আইন অনুসারে অপরাধ হিসাবে বিবেচিত হয়, নিম্নলিখিত কারুর দ্বারা :

- বর্তমান বা প্রাক্তন স্বামী/স্ত্রী;
- এমন কোনো ব্যক্তি যার সাথে আক্রান্ত/কাটিয়ে ওঠা ব্যক্তি একটি সন্তান আছে ;
- আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন এমন ব্যক্তির সাথে বসবাস করেন বা বাস করেছেন এমন ব্যক্তি;
- আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন এমন ব্যক্তির সাথে প্রেমের বা ঘনিষ্ঠ সামাজিক সম্পর্ক চলছে বা চলছিল এমন কোনো ব্যক্তি; অথবা
- আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন এমন ব্যক্তির সাথে একই বাড়িতে একটানা বা নিয়মিত বিরতিতে বসবাস করছে বা করেছে এমন কোনো ব্যক্তি;

বা ফৌজদারি আইনের অধীনে সংজ্ঞায়িত যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন।

আপনি গৃহনির্ঘাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে ওঠার কারণে বাড়ির মালিক, রিয়েল এস্টেট ব্রোকার বা এজেন্টদের দ্বারা বৈষম্যমূলক আচরণ পেতে পারেন না।

বসবাসের জন্য বাড়ির ক্ষেত্রে গৃহনির্ঘাতনের ভিত্তিতে বৈষম্য কী?

এই ধরনের বৈষম্য তখন উপস্থিত হয় যখন কোনো বাড়ির মালিক বা এজেন্ট আপনি গৃহনির্ঘাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে ওঠার অভিজ্ঞতা থাকার কারণে বৈষম্যমূলক আচরণ করে, এগুলির মধ্যে নিম্নলিখিতগুলি হতে পারে:

- আপনার প্রাক্তন স্বামী/স্ত্রীকে থেকে সুরক্ষার নির্দেশ (order of protection) থাকার কারণে আপনাকে ভাড়া দিতে অস্বীকার করা;
- আপনি গৃহনির্ঘাতন আক্রান্ত বা এগুলি কাটিয়ে ওঠার অভিজ্ঞতা থাকার কারণে আপনাকে অ্যাপার্টমেন্ট মেরামত করতে দিতে বা পরিষেবা প্রদানে অস্বীকার করা;

- বাড়ির মালিক বা অন্যান্য ভাড়াটের আপনার গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে ওঠার অভিজ্ঞতার সাথে সম্পর্কিত উদ্বিগ্ন থাকার কারণে খালি করতে বলপ্রয়োগ করা;
- আপনি বা আপনার পরিবার বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারেন সেই ভয়ে গৃহনির্ধাতন, আক্রান্ত/কাটিয়ে ওঠা ব্যক্তিকে সরবরাহ করা সরকারী ভাড়ার সহায়তা গ্রহণ প্রত্যাখ্যান করা।

কে সুরক্ষিত?

আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনি নিউ ইয়র্ক সিটিতে থাকলে বা থাকতে চাইলে আপনি সুরক্ষিত। আপনি নিম্নলিখিত ক্ষেত্র ব্যতীত নিউ ইয়র্ক শহরে বাস করলে বা যে কোনো বসবাসের ব্যবস্থা খুঁজলে আপনি সুরক্ষিত:

- দুটি পারিবারিক হোম যেখানে মালিক বা মালিকের পরিবারের সদস্য সেই বাড়িতে বসবাস করে এবং উপলব্ধ বসবাসের ব্যবস্থাটির বিস্তারিত দেওয়া হয়নি;

অথবা

- মালিক বা মালিকের পরিবারও বসবাস করে আবাসনে এমন একটি কক্ষ বা কক্ষগুলি।

কী কী বিষয় নিষিদ্ধ?

- কোনো বাড়ির মালিক, ব্রোকার বা এজেন্ট আপনার গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত/কাটিয়ে ওঠা স্থিতি হওয়ার কারণে আপনাকে কোনো অ্যাপার্টমেন্ট দেখাতে অস্বীকার করতে পারবে না।
- আপনার গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত/কাটিয়ে ওঠা স্থিতি হওয়ার কারণে কোনো বাড়ির মালিক, ব্রোকার বা এজেন্ট লিজে পৃথক বিধি ও শর্তাবলী আরোপ করতে পারবে না।
- আপনার গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত/কাটিয়ে ওঠা স্থিতি হওয়ার কারণে কোনো বাড়ির মালিক আপনাকে আপনার অ্যাপার্টমেন্টে পরিষেবা সরবরাহ করার ক্ষেত্রে পৃথক আচরণ করতে পারবে না।
- আপনার গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত/কাটিয়ে ওঠা স্থিতি হওয়ার কারণে কোনো বাড়ির মালিক আপনাকে কোনো অ্যাপার্টমেন্ট ছেড়ে দিতে বলতে পারে না।

যদি আমি বিশ্বাস করি যে কোনো বাড়ির মালিক, ব্রোকার বা এজেন্ট এখানে দেওয়া বিধিগুলি অনুসরণ কাজ করছে না তবে আমার কী করা উচিত?

311-এ কল করুন এবং মানবাধিকার কমিশনের সহায়তা চান। আপনি একটি অনামী পরামর্শ দিতে বা আপনার সাথে কী ঘটেছে সেই মর্মে একটি অভিযোগ দাখিল করতে পারেন। যদি বাড়ির মালিক, ব্রোকার বা এজেন্ট আইন লঙ্ঘন করেছে দেখা যায় তবে আপনি বসবাসের ব্যবস্থা, অন্যান্য ক্ষতিপূরণ পেতে পারেন এবং বাড়ি সরবরাহকারীকে জরিমানা দিতে হতে পারে।

NYCHRL কোনো ব্যক্তি গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত/কাটিয়ে ওঠা স্থিতির ভিত্তিতে কর্মক্ষেত্রে তার প্রতি বৈষম্যেও, নিষেধাজ্ঞা জারি করেছে এবং এটি অনুসারে গৃহনির্ধাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার/এগুলি কাটিয়ে উঠেছে এমন কাউকে কর্মস্থানে ন্যায্য সমুবিধা (reasonable accommodations) দেওয়া প্রয়োজন।

নিউ ইয়র্ক সিটি হিউম্যান রাইটস আইনের অধীনে বসবাসের জন্য বাড়ি সরবরাহকারী হিসাবে আপনার অধিকারগুলি সম্বন্ধে আরো জানতে এবং একটি বিনামূল্যে কর্মশালার জন্য সাইন আপ করতে NYC.gov/HumanRights-এ যান।

